প্রথম আলো

পরীক্ষা

# ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা আজ, এমসিকিউ ৬০ নম্বরে, লিখিত ৪০

**নিজস্ব প্রতিবেদক** ঢাকা

প্রকাশ: ১৫ ফেব্রুয়ারি ২০২৫, ০৭: ০০



প্রথম আলো ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা আজ শনিবার (১৫ ফেব্রুয়ারি) অনুষ্ঠিত হবে। এ ইউনিটে এমসিকিউ পরীক্ষা হবে ৬০ নম্বরে। পরীক্ষার নির্ধারিত সময় ৪৫ মিনিট। লিখিত পরীক্ষা ৪০ নম্বরে হবে ৪৫ মিনিটে। বেলা ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত দেড় ঘণ্টায় অনুষ্ঠিত হবে এ পরীক্ষা।

বিজ্ঞান ইউনিটে ১ হাজার ৮৯৬টি আসনের বিপরীতে ১ লাখ ৪৬ হাজার ৬৯৪ জন শিক্ষার্থী আবেদন করেছেন। এ ইউনিটে প্রতি আসনের বিপরীতে আবেদনকারী পরীক্ষার্থী ৭৭ জন।

এর আগে কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিটে, ব্যবসায় শিক্ষা ইউনিট, চারুকলা ইউনিট, ইনস্টিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে (আইবিএ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ব © ১৯৯৮-২০২৫ প্রথম আলো